

৬৪তম বার্ষিক সাধারণ সভা
এবং
নব নির্বাচিত কার্যনির্বাহী কমিটি (২০১৯-২০২০) এর অভিষেক

স্থানঃ ম্যারিয়ট কনভেনশন সেন্টার লিঃ, হাউজ নং-০৩, রোড নং-০৩, হ্যাপি অর্কিড (৬ষ্ঠ তলা) মিরপুর রোড ধানমন্ডি, ঢাকা
তারিখ ও সময়ঃ ২০ মার্চ, ২০১৯, রোজ বুধবার, সন্ধ্যা ৬:০০ ঘটিকা
অয়োজনে : বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)

চামড়া একটি মূল্যবান জাতীয় সম্পদ এবং দেশের দ্বিতীয় বৃহত্তম বৈদেশিক মুদ্রা অর্জনকারী রপ্তানি খাত। প্রায় ১০ লক্ষ লোক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এই খাতে জড়িত রয়েছে। বিশ্ববাজারে বাংলাদেশী চামড়া ও চামড়াজাত পণ্যের চাহিদা প্রচুর, তারপরও প্রতিযোগিতামূলক রপ্তানি বাজারে টিকে থাকতে হলে সময়পোযোগী পদক্ষেপ নিতে হবে।

একটি আধুনিক সিইটিপি নির্মাণসহ ডাম্পিং ইয়ার্ড, কমন ক্রোম রিকভারি ইউনিট, এসটিপি, স্লাজ পাওয়ার জেনারেশন সিস্টেম এবং সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট সিস্টেম ইত্যাদি স্থাপনের বাধ্যবাধকতা নিয়ে চামড়া শিল্পনগরী হাজারীবাগ হতে চামড়া শিল্পনগরী, ঢাকায় স্থানান্তরিত হয়েছে। চামড়া শিল্পনগরীর অবকাঠামো ও রাস্তাঘাট নির্মাণসহ সকল নির্মাণকাজ অবিলম্বে শেষ করতে হবে।

টেকসই উন্নয়ন নিশ্চিত করতে চামড়া শিল্পনগরীকে পরিবেশবান্ধব নীতি অনুসরণ, সম্পদ ও Energy'র দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ, পরিবেশবান্ধব চামড়া উৎপাদন করতে হবে। সঠিক কাঁচা চামড়া চিহ্নিতকরণ (বিজ্ঞানসম্মত পশুপালন, উন্নত স্লটারহাউজ, কাঁচা চামড়ার যোগান বৃদ্ধিতে সহায়ক), চামড়া উৎপাদনের ক্ষেত্রে স্বচ্ছনীতি অনুসরণ, পরিবেশগত ভারসাম্য রক্ষার্থে শিল্পনগরীতে প্রয়োজনীয় ও উপযোগী বৃক্ষরোপণ করতে হবে। শ্রমিক কর্মচারীদের স্বাস্থ্যসম্মত খাবারের জন্য কন্টিন ও সু-চিকিৎসার জন্য চিকিৎসাকেন্দ্র স্থাপনের ব্যবস্থা করতে হবে।

জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ডের সহিত শিল্প অবস্থানের তুলনায় (Benchmarking) উন্নয়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ বিশ্ব বাজারে টিকে থাকার জন্য আন্তর্জাতিক সনদ পাওয়ার লক্ষ্যে কার্যক্রম (ISO Certificate, Compliance Certificate, Ecolabel Certificate) গ্রহণ করতে হবে। গ্রাহকদের আকৃষ্ট করার জন্য পণ্যের নিখুঁত, অনন্য এবং মানসম্মত ব্র্যান্ড ইমেজ (Brand Image) তৈরি করতে হবে, যা বিশ্ব বাজারে পণ্যের চাহিদা বৃদ্ধি করবে। চামড়া রপ্তানি সম্ভাবনাময় সকল পণ্যের মান যাচাই ও সনদ প্রদানের লক্ষ্যে সরকারের উদ্যোগে একটি Accredited ও Calibrated ল্যাবরেটরী স্থাপন করতে হবে। টেকসই উন্নয়ন নিশ্চিত করা সম্ভব হলে পরিবেশবান্ধব চামড়া শিল্প গড়ে উঠবে, কর্মসংস্থান বৃদ্ধি পাবে, শ্রমিকদের কল্যাণ বৃদ্ধি পাবে, মানসম্পন্ন চামড়া উৎপাদিত হবে, ২০২১ সালে রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা অর্জিত হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন-

জনাব মোঃ শাহীন আহমেদ, চেয়ারম্যান, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)


প্রধান অতিথি-

ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস, মাননীয় সংসদ সদস্য, ঢাকা-১০

রিসোর্স পার্সন-

জনাব নূর মুহাম্মদ, সহকারী অধ্যাপক, ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, ঢাকা বিশ্ববিদ্যালয়, হাজারীবাগ, ঢাকা। তিনি “চামড়া শিল্পনগরী, ঢাকার হাল চিত্র” এর উপর একটি উপস্থাপনা করবেন।

এছাড়াও, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর সিনিয়র ভাইস চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সাধারণ সম্পাদক, ট্রেজারার, এসোসিয়েশনের জেনারেল এবং এসোসিয়েট সদস্যগণ, ট্যানারী ওয়ার্কার্স ইউনিয়ন, স্প্রীট সমিতি, কেমিক্যাল এসোসিয়েশন, কেমিক্যাল এক্সপোর্টার্স এসোসিয়েশন ও লেদার ইঞ্জিনিয়ার্স এন্ড টেকনোলজিষ্ট সোসাইটির কর্মকর্তাবৃন্দসহ আরও বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।


(মোঃ সাখাওয়াত উল্লাহ)

সাধারণ সম্পাদক

বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)